# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৭৫

১০. কিতাবুল জানাইয কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহর রাস্তায় আহত হয়ে তার সেই আহত অবস্থায় মারা যায়, তার জন্য শাহাদাত সাব্যস্ত করা সম্পর্কে বর্ণনা

## ذِكْرُ إِثْبَاتِ الشَّهَادَةِ لِمَنْ جُرِح فِي سَبِيلِ اللَّهِ فَمَاتَ مِنْ جِرَاحِهِ تِلْكَ

আরবী

3175 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَهْمٍ الْأَنْطَاكِيُّ حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ الْفَزَارِيُّ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ سُلَيْمَانَ بْنِ مُوسَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكِ بْنِ يَخَامِرَ عَنْ أَبِيهِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ جُرِح جُرْحًا فِي سَبِيلِ اللَّهِ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ يَدْمَى اللَّوْنُ لَوْنُ دَمٍ وَالرِّيحُ رِيحِ مِسْكٍ وَمَنْ جُرِحَ فِي سَبِيلِ اللَّهِ طُبِعَ بِطَابَعِ الشُّهَدَاءِ)

الراوي : مُعَاذ بْن جَبَلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3175 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2291) , وله تتمة تأتي (3181).

বাংলা

৩১৭৫. মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর রাস্তায় আহত হয়, সে ব্যক্তি কিয়ামতের দিন আসবে এমন অবস্থায় যে, তার জখম থেকে রক্ত ঝরবে, যার রং হবে রক্তের রং আর ঘ্রাণ হবে মিশকে আম্বরের ঘ্রাণ। আর যে ব্যক্তি আল্লাহর রাস্তায় আহত হয়, তার উপর শহীদদের সীল লাগানো হয়।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৯/১৭০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৫৩৪; মুসনাদ আহমাদ: ৫/২৩০-২৩১; তাবারানী আল কাবীর: ২০/২০৪; তিরমিযী: ১৬৫৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২২৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92505

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন